



পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

প্রধান কার্যালয়, নলকা, সিরাজগঞ্জ।

জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার

পরিবহণসহ সিএন্ডএফ এবং পরিবহণ ঠিকাদার নিয়োগের উন্মুক্ত দরপত্র আহবান বিজ্ঞপ্তি

- ১। মন্ত্রণালয়/বিভাগ : বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ২। এজেন্সি/সংস্থা : বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
- ৩। দরপত্র আহবানকারী সত্তার নাম ও ঠিকানা : পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (পিজিসিএল), নলকা, সিরাজগঞ্জ।
- ৪। দরপত্র আহবানের বিষয় : পরিবহণসহ সিএন্ডএফ এবং পরিবহণ ঠিকাদার নিয়োগ।
- ৫। দরপত্রের সূত্র নম্বর ও তারিখ : ২৮.১৮.০০০০.০৩৯.৪০.০০২.১৮/০২, তারিখঃ ৩০/৭/২০১৮।
- ৬। দরপত্র আহবান পদ্ধতি : উন্মুক্ত দরপত্র আহবান।
- ৭। অর্থায়নের উৎস : কোম্পানির নিজস্ব অর্থায়ন।
- ৮। দরপত্র দলিল বিক্রয়ের তারিখ : ১/৮/২০১৮ হতে ১৪/৮/২০১৮ তারিখ পর্যন্ত।
- ৯। দরপত্র গ্রহণের সর্বশেষ তারিখ ও সময় : ১৬/৮/২০১৮ তারিখ বেলা ১২.৩০ ঘটিকা পর্যন্ত।
- ১০। দরপত্র খোলার তারিখ ও সময় : ১৬/৮/২০১৮ তারিখ বেলা ১২.৪০ ঘটিকা।
- ১১। দরপত্র দলিল বিক্রয়ের স্থান : ক) অর্থ ও হিসাব বিভাগ, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড, নলকা, সিরাজগঞ্জ।
খ) ঢাকা লিয়াজৌ অফিস, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড পেট্রোসেন্টার, লেভেল-১৩, ৩, কাওরাণ বাজার, ঢাকা।
- ১২। দরপত্র গ্রহণের স্থান : ঢাকা লিয়াজৌ অফিস, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড, পেট্রোসেন্টার, লেভেল-১৩, ৩, কাওরাণ বাজার, ঢাকা।
- ১৩। দরপত্র উন্মুক্তরণের স্থান : ঢাকা লিয়াজৌ অফিস, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড, পেট্রোসেন্টার, লেভেল-১৩, ৩, কাওরাণ বাজার, ঢাকা।
- ১৪। দরদাতার যোগ্যতা : ক) দরদাতাকে চট্টগ্রাম সমুদ্র বন্দর ও ঢাকার হযরত শাহজালাল (রঃ) আন্তর্জাতিক বিমান বন্দর হতে মালামাল খালাসের জন্য বৈধ লাইসেন্সধারী সিএন্ডএফ এজেন্ট এবং পণ্য পরিবহন ব্যবসায়ী হতে হবে। চট্টগ্রাম সমুদ্র বন্দরের বৈধ সিএন্ডএফ এজেন্ট ঢাকা হযরত শাহজালাল (রঃ) আন্তর্জাতিক বিমান বন্দরের কোন বৈধ সিএন্ডএফ এজেন্ট-এর সাথে আগামী ২ বছরে পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড-এর আমাদানীকৃত পণ্য হযরত শাহজালাল (রঃ) আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা হতে খালাসের জন্য বৈধ চুক্তিতে আবদ্ধ থাকলে দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন।
খ) দরদাতাগণকে সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠিত কোম্পানিসমূহে আমদানীকৃত মালামাল খালাসের কাজে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতাসহ দরদাতার দাবীকৃত অভিজ্ঞতার সময়কালের মধ্যে চট্টগ্রাম সমুদ্র বন্দর হতে ন্যূনতম ৫টি চালানের বিপরীতে আমদানীকৃত মালামাল খালাসের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
গ) সরকারী/আধা-সরকারী প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহে অথবা প্রতিষ্ঠিত বে-সরকারী প্রতিষ্ঠানের মালামাল পরিবহণ কাজে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসহ বিগত সময়ের যে কোন এক বৎসরে ন্যূনতম ৫০০ (পাঁচশত) মেট্রিক টন পণ্য-সামগ্রী পরিবহণ করার পূর্ব যোগ্যতাসম্পন্ন হতে হবে।
ঘ) দরদাতার পরিবহণসহ সিএন্ডএফ এবং পরিবহণ ঠিকাদার কাজের জন্য এককালীন ২৫,০০,০০০.০০ (পঁচিশ লক্ষ) টাকা পুঁজি বিনিয়োগের সক্ষমতা থাকতে হবে।
- ১৫। দরপত্র দলিলের মূল্য (অফেরতযোগ্য) : প্রতিসেট টাকা ১,০০০/- (এক হাজার) মাত্র।
- ১৬। দরপত্র বৈধতার মেয়াদ : ৯০ (নব্বই) দিন।
- ১৭। দরপত্রের জামানত (ফেরতযোগ্য) : টাকা ২,০০,০০০/- (দুই লক্ষ) মাত্র।
- ১৮। দরপত্র আহবানকারী কর্মকর্তার পদবী ও ঠিকানা : মহাব্যবস্থাপক (প্রশাসন)
পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিঃ, নলকা, সিরাজগঞ্জ।
- ১৯। বিশেষ নির্দেশনা/সংরক্ষিত ক্ষমতা : ক) কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ/বাতিল কিংবা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
খ) দরপত্র ডাকযোগে, কুরিয়ার সার্ভিসের মাধ্যমে অথবা হাতে হাতে নির্দিষ্ট সময়ের পূর্বে দাখিল/পৌছানো যেতে পারে।
গ) অনিবার্য কারণবশতঃ নির্ধারিত দিনে দরপত্র গ্রহণ/খোলা সম্ভব না হলে পরবর্তী প্রথম কার্য দিবসে একই স্থান ও সময়সূচী অনুযায়ী দরপত্র দাখিল, গ্রহণ ও খোলা হবে।

মহাব্যবস্থাপক (প্রশাসন)